

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি



কেন্দ্রীয় কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৯৮৬৭৯৭৫, ফ্যাক্স : ৯৮৫৮৫৪৫

www.wpbd71.org ই-মেইল : wpartymail@gmail.com

২৪ মার্চ ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

শাল্লায় হামলার মূল নায়কদের বাদ দিয়ে প্রার্শচরিত্র নিয়ে টানাটানি হচ্ছে-মেনন

‘শাল্লায় হামলার মূল নায়কদের বাদ দিয়ে প্রার্শচরিত্র নিয়ে টানাটানি চলছে। সমস্ত ঘটনা সম্পর্কে এমন ধোয়াশা সৃষ্টি করা হয়েছে যে আমাদের দলীয় কর্মীরাও মাঝে মাঝে বিভ্রান্ত হয়ে পড়ছেন। গ্রেফতারকৃত আসামীদের প্রধান স্বাধীন ঐ ঘটনায় লাঠিয়াল ছিল ঠিকই, কিন্তু আক্রমণ করা হয়েছে ‘মোমিনুল হকের এ্যাকশন-ডাইরেক্ট এ্যাকশন’, ‘হেফাজতের এ্যাকশন-ডাইরেক্ট এ্যাকশন’ ইত্যাদি শোগান দিয়ে। স্থানীয় মন্তব্যের মাইক দিয়ে এই হামলায় আহ্বান জানান হয়। স্থানীয় প্রশাসন বিষয়টা সম্পূর্ণই জানত। কিন্তু তারা ব্যবস্থা নেয়ানি। ঘটনার পরপরই তারা স্বাধীনকে ধরে ফেলতে পারল, তার ‘যুবলীগ’ পরিচয়ও বের করে ফেলল কিন্তু হেফাজতের নেতা-কর্মীদের ধরা ছোয়ার বাইরে রাখা হল। সুনামগঞ্জের এসপি আবার বলেছে, যে স্ট্যাটোসদানকারী ঝুমন দাস বিএনপি’র লোক। অর্থাৎ এটা বিএনপি-আওয়ামী লীগের ঝগড়া। স্বাধীনের দায় যেমন সরকারীদলকে নিতে হবে, তেমনি প্রশাসনের যারা হেফাজতীদের আড়াল করল তাদেরও নির্দিষ্ট করতে হবে।

ঘাতক দালাল নির্মূল কমিটি ও আদিবাসী ও সংখ্যালঘু বিষয়ক সংসদীয় কক্ষ তদন্ত কমিটি গঠন করেছে। তাদের তদন্তে প্রকৃত ঘটনা পিছনের হৃকুমদাতাদের নামও বেরিয়ে আসবে। তবে শাল্লায় সাম্প্রদায়িক হামলা কোন বিচ্ছিন্ন ঘটনা নয়। গত কয়েকবছর ধরেই মৌলবাদী-জঙ্গীবাদী অপশঙ্কি সারা দেশে পরিকল্পিতভাবে ধর্মীয়উক্ফানীর মাধ্যমে সাম্প্রদায়িকতার বিভাগ ঘটাচ্ছে এই ঘটনা তারই অংশ। কিন্তু দুর্ভাগ্য যে সংসদে ও বাইরে এব্যাপারে বরাবর বল হলেও সরকার কোন ব্যবস্থা নিচ্ছে না। এমনকি বঙ্গবন্ধুর ভাস্কার্য ভাস্তার হৃকুম পরও বরং তাদের সাথে আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান হয়েছে বলে দেশবাসীকে আশঙ্ক করার চেষ্টা করা হয়েছে। এটাই স্পষ্ট করে যে ক্ষমতার স্বার্থে, ভোটের প্রয়োজনে ঐ সকল শক্তিকে প্রশ্রয় দেয়া হচ্ছে কেবল নয়, তাদের সাথে অলিখিত সমর্বোত্তম গড়ে তোলা হয়েছে। যা বাংলাদেশের জন্য, অসম্প্রদায়িক গণতান্ত্রিক ব্যবস্থার জন্য চরম বিপজ্জনক। এই বিপদকে মাথায় রেখে ওয়ার্কার্স পার্টি সাম্প্রদায়িকতা মৌলবাদের বিরুদ্ধে তার অবস্থানকে আরও দৃঢ় করেছে এবং সরকারকে সাম্প্রদায়িক সকল শক্তির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে আহ্বান জানিয়েছে।

আজ ২৪ মার্চ ২০২১ শাল্লায় সাম্প্রদায়িক হামলার প্রতিবাদে ওয়ার্কার্স পার্টি অভূত দেশব্যাপী বিক্ষোভ দিবসে ঢাকা মহানগর ওয়ার্কার্স পার্টি আয়োজিত প্রতিবাদ সভায় বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি সভাপতি জনমেতা কমরেড রাশেদ খান মেনন এসপি একথা বলেন। উল্লেখ্য যে স্বাধীনতার সুবর্ণজয়ন্তি ও মুজিবৰ্ষ উপলক্ষে বিদেশী মেহমানদের চলাচলের সুবিধার্থে ঢাকা মেট্রোপলিটন পুলিশ ঢাকায় রাজনৈতিক কর্মসূচী বিশেষ করে উন্মুক্ত সভা-সমাবেশ না করার যে আহ্বান জানিয়েছে তার প্রেক্ষিতে ওয়ার্কার্স পার্টি ঢাকা মহানগর পার্টি কার্যালয়ে এই প্রতিবাদ সভার আয়োজন করে। আগামী ২৮ মার্চ ঢাকা মহানগরীতে একই দাবীতে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হবে।

ঢাকা মহানগর কমিটির সভাপতি কমরেড আবুল হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির কেন্দ্রীয় সভাপতি কমরেড রাশেদ খান মেনন এসপি ভার্চয়ালী যুক্ত হন। সভায় বক্তব্য রাখেন ঢাকা মহানগর কমিটির সাধারণ সম্পাদক কিশোর রায়, নগর সম্পাদকমণ্ডলী সদস্য কমরেড জাহাঙ্গীর আলম ফজলু, যুবমৌখিক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মুতাসিম বিলাহ সানি, ছাত্রমৈত্রী সহ-সভাপতি মুনিরুজ্জামান বিবর্তন প্রমুখ।

২৫ মার্চ গণহত্যা দিবস স্মরণ

পঁচিশে মার্চ গণহত্যা দিবস। দিবসটি যথাযোগ্য ভাবগান্ধ্যে জাতির সাথে মিলিয়ে ওয়ার্কার্স পার্টি একসঙ্গে রাত বারটা একমিনিট নিস্প্রদায়িপ কর্মসূচী পালন করা হবে। তার পূর্বে অফিসসংলগ্ন রাস্তায় মোমবাতি জ্বালিয়ে শহীদদের প্রতি শন্দা জ্বাপন করা হবে।

বার্তা প্রেরক-

কাজী আনোয়ারুল ইসলাম টিপু